

Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 19 April, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের 'সি' ও 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষায় পরিক্ষার্থীদের সহায়তায় বিশ্ববিদ্যালয়ের জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্রশিবির শাখা নানারকম আয়োজন করেছে।

শনিবার (১৯ এপ্রিল) সকাল থেকেই পরীক্ষার্থীদের সহায়তায় এই দুই রাজনৈতিক ছাত্রসংগঠনের কার্যক্রম ছিল চোখে পড়ার মত।

সরেজমিনে দেখা যায়, বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবির পরিক্ষার্থীদের সহায়তায় তাদেরকে কলম ও পানি দিয়ে সহায়তা করেছে। এছাড়া শৃঙ্খলা রক্ষার দায়িত্বেও দেখা যায় তাদের। এছাড়া বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলকে ফ্রি বাইক সেবার মাধ্যমেও শিক্ষার্থীদের সহায়তা করতে দেখা যায়। এছাড়া দুটো ছাত্রসংগঠনের পক্ষ থেকেই অভিভাবকদের বসার স্থানের ব্যবস্থা করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের শাখা ছাত্রদলের আহ্বায়ক আব্দুল্লাহ আল মামুন বলেন, 'শিক্ষার্থীদের জন্য রয়েছে আমাদের 'কোকো' বাইক সার্ভিস। এছাড়া শিক্ষার্থীদের জন্য পানির ব্যবস্থা রয়েছে, অভিভাবকদের বসার স্থানের ব্যবস্থা করা হয়েছে। তাছাড়াও ওনাদের জন্য ওরস্যালাইন ও অবসর সময়ের জন্য পত্রিকার ব্যবস্থা করা হয়েছে। ছাত্রদলের পক্ষ থেকে পরিক্ষার্থীদের জন্য শুভকামনা রইলো।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের সভাপতি ইউসুফ ইসলামী বলেন, গতকাল রাত থেকেই

আমাদের সেবা দেওয়া শুরু হয়েছে। শিক্ষার্থীদের থাকা-খাওয়ার ব্যবস্থা করেছি। আজকেও শিক্ষার্থীদের জন্য কিছু সেবার ব্যবস্থা করেছি। শিক্ষার্থীদের জন্য কলম ও পানির ব্যবস্থা করা হয়েছে এবং অভিভাবক বিশ্রাম নেওয়ার জায়গা রেখেছি। আর বিপদগ্রস্তদের জন্য শহিদ আব্দুল কাইয়ুম বাইক সার্ভিস রেখেছি। এছাড়া রাতে শিক্ষার্থীদের ক্যাম্পাসে নিয়ে আসার জন্য বাস সার্ভিসের ব্যবস্থা করেছি।

ভর্তি পরীক্ষা ছাত্রদল ছাত্রশিবির

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:23

URL: <https://www.timestodaybd.com/campus/1078775807>